


বিজ এর ত্রৈ-মাসিক মুখপত্র

অক্টোবর, ২০২৫

মাঠচিত্র

BEES QUARTERLY NEWSLETTER

১২০



সামাজিক সুরক্ষা কর্মসূচির আওতায় পুনর্বাসন কার্যক্রম

বান্দুরা, নবাবগঞ্জ

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)

Working together towards a better future since 1975...

সম্পাদকীয়

জীবনমান উন্নয়ন ও টেকসই বিশ্ব গড়তে কৃষি, স্বাস্থ্য, শিক্ষা ইত্যাদি বিষয়ে উন্নয়ন ভাবনা আবশ্যিক। এই বিষয়গুলোকে মাথায় রেখে বিজ এর ত্রৈমাসিক মুখপত্র মাঠচিত্র সাজানো হয়। এ সংখ্যায় বিজ এর বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচী নিয়ে আলোচনা করা হয়েছে। এছাড়াও বাংলাদেশের দরিদ্র জনগোষ্ঠীর উন্নয়নে বিজ এর বেশ কিছু উদ্যোগের চিত্র তুলে ধরা হয়েছে। বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) প্রতিষ্ঠালগ্ন থেকে নানাবিধ কর্মসূচির মাধ্যমে দরিদ্র মানুষের আর্থসামাজিক উন্নয়নে কাজ করে আসছে। চার দশকের অভিযাত্রায় বিজ মানুষের জীবনমান উন্নয়ন, স্বাস্থ্য উন্নয়নে বন্ধপরিচর, যা গ্রামীণ জনগোষ্ঠীর অর্থনৈতিক ক্ষমতায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। সমাজের দরিদ্র ও সুবিধা বঞ্চিত মানুষ এই সহায়তা নিয়ে তাদের জীবনে ইতিবাচক পরিবর্তন আনার জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছে। বিজ এর উন্নয়ন কর্মকাণ্ডের সেসব নিবন্ধ মাঠচিত্রের এ সংখ্যায় প্রকাশিত হল।

(প্রকাশিত প্রবন্ধ সমূহের মতামতের জন্য সম্পাদকবৃন্দ দায়ী নন।)



ইকবাল আহাম্মদ
নির্বাহী পরিচালক, বিজ

প্রধান পৃষ্ঠপোষকঃ

সাইফুল ইসলাম (রবিন)

প্রতিষ্ঠাতা ও সিনিয়র অ্যাডভাইজার, বিজ

সম্পাদকঃ

ইকবাল আহাম্মদ

নির্বাহী পরিচালক, বিজ

নির্বাহী সম্পাদকঃ

কাবেরী সুলতানা

উপ-পরিচালক (রিসার্চ, ডকুমেন্টেশন এন্ড পাবলিকেশন), বিজ

সহকারী সম্পাদকঃ

রাকিব হাসান সুমন

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, বিজ

শিল্প নির্দেশনা ও গ্রাফিক্সঃ

তাহমিনা আক্তার

রিসার্চ অফিসার, বিজ

নূর ফাতিহা তাহিয়াত


সিনিয়র ম্যানেজার (রিসার্চ), বিজ

ভিতরে যা যা থাকছে

- ✓ কৃষক পরিবারের মাঝে সবজি বীজ বিতরণ
- ✓ সুনামগঞ্জে বিজ এর প্রাথমিক বিদ্যালয়ে অভিভাবক সভা অনুষ্ঠিত
- ✓ বিজ এর প্রাথমিক বিদ্যালয়ে এসএমসি সভা অনুষ্ঠিত
- ✓ বিজ-এর ৩২টি নতুন শাখা উদ্বোধন
- ✓ মা-সমাবেশ: পরিচ্ছন্নতা ও পুষ্টি সচেতনতা
- ✓ অনুদান পেল সুনামগঞ্জের বিজ পরিচালিত দুই বিদ্যালয়
- ✓ সামাজিক সুরক্ষা কর্মসূচির আওতায় নবাবগঞ্জের বান্দুরায় পুনর্বাসন কার্যক্রম
- ✓ টুঙ্গিপাড়ায় শিক্ষা সম্পাদকদের একদিনের ওরিয়েন্টেশন
- ✓ জামসায় বিজ স্বাস্থ্য কর্মসূচি নিয়ে আলোচনা সভা
- ✓ শারদীয় দুর্গা পূজা উপলক্ষে খাদ্যসামগ্রী বিতরণ
- ✓ বিজ-এর ৩৩তম বার্ষিক সাধারণ সভা
- ✓ শান্তিগঞ্জে বিজ এর মেধাভিত্তিক বৃত্তি পেল ৮ শিক্ষার্থী
- ✓ বিজ-এর বিজনেস প্লান ও বাজেট পর্যালোচনা সভা অনুষ্ঠিত
- ✓ অভিভাবকদের সচেতন করতে অনিয়মিত শিক্ষার্থীদের বাড়ি পরিদর্শন
- ✓ টুঙ্গিপাড়ায় উপজেলা শিক্ষা কর্মকর্তা কর্তৃক বিজ-এর শিক্ষা কেন্দ্র পরিদর্শন
- ✓ বিজ প্রশিক্ষণ বিভাগের উল্লেখযোগ্য সাফল্য
- ✓ এনজিও সমন্বয় সভায় বিজ-এর কার্যক্রম উপস্থাপন
- ✓ স্ট্যাটিক ক্লিনিকে সভানেত্রীদের KYC তথ্য সংগ্রহ

বিজ-এর কর্ম এলাকা

Working Areas of BEES



- ★ BEES Head Office
- BEES Working Areas
- BEES Proposed Areas
- 🏠 Zonal Office
- 🏠 Sub- Zonal Office
- 🏠 Proposed Office



কৃষক পরিবারের মাঝে সবজি বীজ বিতরণ

বসতবাড়িতে শীতকালীন সবজি উৎপাদন বৃদ্ধি এবং পারিবারিক পুষ্টি নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর উদ্যোগে গাইবান্ধা, নরসিংদী, গাজীপুর এবং ঢাকা জোনের নবাবগঞ্জ উপজেলায় মোট ৩,৫০০ কৃষক পরিবারের মাঝে শীতকালীন সবজি বীজ বিতরণ করা হয়েছে। প্রতিটি কৃষক পরিবারকে মিষ্টি কুমড়া, লাউ, সীম, লাল শাক, পুই শাক ও গাজর—এই ছয় ধরনের সবজির বীজ সংবলিত একটি করে প্যাকেট প্রদান করা হয়। এ কর্মসূচির আওতায় মোট ১৫৭.৫ কেজি বীজ বিতরণ করা হয়েছে।



বীজ বিতরণের পূর্বে দেশের বিভিন্ন স্বনামধন্য বীজ কোম্পানি থেকে নমুনা সংগ্রহ করে অক্সুরোদগম হারসহ গুণগত মান পরীক্ষা করা হয়। পরীক্ষায় উত্তীর্ণ সর্বোচ্চ মানসম্পন্ন বীজ ক্রয় করে তা উপকারভোগী কৃষক পরিবারের মাঝে বিতরণ করা হয়, যাতে কৃষকরা কাঙ্ক্ষিত উৎপাদন পেতে পারেন। উল্লেখ্য, প্রতিষ্ঠালগ্ন থেকেই বিজ তার কৃষি কর্মসূচির মাধ্যমে উপকারভোগীদের পারিবারিক পুষ্টির চাহিদা পূরণ, নারীদের কর্মসংস্থান সৃষ্টি ও ক্ষমতায়ন, বসতবাড়ির পতিত জমি আবাদে নিয়ে আসা এবং সামগ্রিকভাবে অর্থনৈতিক উন্নয়ন বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত কৃষি বিষয়ক পরামর্শ ও সহায়তা প্রদান করে আসছে। এই উদ্যোগের মাধ্যমে শীতকালীন সবজি উৎপাদন বৃদ্ধি পেয়ে স্থানীয় পর্যায়ে পুষ্টি ও আয় উভয় ক্ষেত্রেই ইতিবাচক প্রভাব পড়বে বলে আশা করা হচ্ছে।





সুনামগঞ্জে বিজ এর প্রাথমিক বিদ্যালয়ে অভিভাবক সভা অনুষ্ঠিত

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)-এর প্রাথমিক শিক্ষা কার্যক্রমের আওতায় সুনামগঞ্জ জেলায় মোট ৮টি বিদ্যালয়ে অভিভাবক সভা অনুষ্ঠিত হয়েছে। শিক্ষার্থীদের শিক্ষা, উপস্থিতি ও সার্বিক অগ্রগতি নিয়ে অভিভাবকদের সচেতন করার লক্ষ্যে এ সভাগুলো আয়োজন করা হয়। সভায় অভিভাবকদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সুস্পষ্ট ধারণা প্রদান করা হয়। শিক্ষকরা বলেন, প্রতিটি শিশুর ভবিষ্যৎ গঠনে অভিভাবকদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই সন্তানদের প্রতি বর্ধিত যত্ন, নিয়মিত পাঠদান পর্যবেক্ষণ এবং বিদ্যালয়ে নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার ওপর গুরুত্ব দেওয়া হয়। ত্রৈমাসিক কার্যক্রমের অংশ হিসেবে ২৫ আগস্ট ২০২৫ ইং তারিখে মাহমদপুর বিদ্যালয়ে অভিভাবক সভা অনুষ্ঠিত হয়। সভায় শিক্ষকরা শিক্ষার্থীদের শেখার পরিবেশ উন্নয়নে অভিভাবকদের সক্রিয় অংশগ্রহণের আহ্বান জানান। বিদ্যালয় কর্তৃপক্ষ আশা করছে, এসব অভিভাবক সভা শিক্ষার্থীদের শিক্ষাগত সাফল্য এবং নিয়মিত উপস্থিতি বৃদ্ধিতে ইতিবাচক ভূমিকা রাখবে।

বিজ এর প্রাথমিক বিদ্যালয়ে এসএমসি সভা অনুষ্ঠিত


বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)-এর প্রাথমিক শিক্ষা কার্যক্রমের আওতায় সুনামগঞ্জ জেলার ৮টি বিদ্যালয়ে ত্রৈমাসিক এসএমসি (স্কুল ম্যানেজমেন্ট কমিটি) কমিটির মিটিং অনুষ্ঠিত হয়েছে। বিদ্যালয় ব্যবস্থাপনা ও শিক্ষার্থীদের শিক্ষা-অংশগ্রহণ বাড়ানোর লক্ষ্যে এসব সভা আয়োজন করা হয়। সভায় আলোচিত প্রধান বিষয়গুলোর মধ্যে ছিল বিদ্যালয় সঠিকভাবে পরিচালনা, শিক্ষার্থীদের ১০০% উপস্থিতি নিশ্চিত করা, স্কুল ড্রেস তৈরি ও সরবরাহ, শিক্ষার মানোন্নয়ন ও অভিভাবকদের সম্পৃক্ততা বৃদ্ধি ইত্যাদি। এ ত্রৈমাসিক কার্যক্রমের অংশ হিসেবে ১২ জুলাই ২০২৫ তারিখে ডুংরিয়া নোয়াগাঁও ০১ বিদ্যালয়ে এসএমসি সভা অনুষ্ঠিত হয়। সভায় শিক্ষক, অভিভাবক প্রতিনিধি ও কমিটির সদস্যরা বিদ্যালয়ের সার্বিক উন্নয়ন বিষয়ে মতবিনিময় করেন। বিদ্যালয় কর্তৃপক্ষ আশা করছে, নিয়মিত এসএমসি সভা পরিচালনার মাধ্যমে বিদ্যালয়ের শিক্ষার মান ও শিক্ষার্থীদের উপস্থিতি আরও বৃদ্ধি পাবে।



বিজ-এর ৩২টি নতুন শাখা উদ্বোধন

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) দেশের বিভিন্ন অঞ্চলে উন্নয়নমূলক কার্যক্রমের পরিধি আরও বিস্তৃত করার লক্ষ্যে সম্প্রতি ৩২টি নতুন শাখা উদ্বোধন করেছে। ২০২৫ সালের জুলাই, আগস্ট ও সেপ্টেম্বর মাসে উদ্বোধনকৃত এই শাখাগুলো দেশের বিভিন্ন জেলায় স্থানীয় জনগণের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

নতুন উদ্বোধনকৃত শাখাসমূহ



নতুন শাখাগুলো উদ্বোধনের মাধ্যমে বিজ তার ক্ষুদ্রঋণ কর্মসূচি, কৃষি উন্নয়ন, স্বাস্থ্যসেবা, শিক্ষা কর্মসূচি এবং অন্যান্য সামাজিক উন্নয়ন কার্যক্রমকে আরও কার্যকরভাবে বাস্তবায়ন করতে সক্ষম হবে। এ উদ্যোগ স্থানীয় পর্যায়ে দারিদ্র্য হ্রাস, কর্মসংস্থান সৃষ্টি এবং আর্থিক অন্তর্ভুক্তি নিশ্চিত করার পাশাপাশি জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs) অর্জনে সহায়ক হবে। বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) ১৯৭৫ সাল থেকে প্রান্তিক ও বঞ্চিত জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কাজ করে আসছে এবং বর্তমানে দেশের প্রায় ৯০% অঞ্চলে উন্নয়নমূলক সেবা প্রদান করছে।

মা সমাবেশ: পরিচ্ছন্নতা ও পুষ্টি সচেতনতা



বিদ্যালয়ের শিক্ষার্থীদের স্বাস্থ্য, পরিচ্ছন্নতা ও পুষ্টি বিষয়ে অভিভাবক বিশেষ করে মায়েদের সচেতন করতে সুনামগঞ্জে বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)-এর প্রাথমিক শিক্ষা কার্যক্রমের আওতায় ৮টি বিদ্যালয়ে মা-সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সমাবেশে মায়েদের উদ্দেশ্যে শিশুদের দৈনন্দিন পরিচ্ছন্নতা, নিয়মিত গোসল করানো, পরিষ্কার জামাকাপড় পরিধান, বয়ঃসম্মিলীন পরিচ্ছন্নতা বজায় রাখা এবং শিশুদের পুষ্টিকর খাবার খাওয়ানোর গুরুত্ব নিয়ে

বিস্তারিত আলোচনা করা হয়। এই উদ্যোগের অংশ হিসেবে ১৪ আগস্ট ২০২৫ তারিখে দক্ষিণ সুনামগঞ্জ এর শিবপুর বিদ্যালয়ে মা-সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে স্থানীয় শিক্ষকরা শিশুদের উন্নত স্বাস্থ্য ও সঠিক বেড়ে ওঠার গুরুত্ব তুলে ধরে মায়েদের আরও সক্রিয় ভূমিকা নেওয়ার আহ্বান জানান।

বিজ কর্তৃপক্ষ আশা করছে, মা-সমাবেশগুলো শিক্ষার্থীদের স্বাস্থ্যবিধি ও নিয়মিত উপস্থিতির প্রতি ইতিবাচক প্রভাব ফেলবে।



অনুদান পেল সুনামগঞ্জের বিজ পরিচালিত দুই বিদ্যালয়

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)-এর প্রাথমিক শিক্ষা কার্যক্রমের আওতায় সুনামগঞ্জ জেলার দুটি বিদ্যালয়ে স্থানীয় গণ্যমান্য ও সমাজসেবীদের উদ্যোগে মোট ৬৭,০০০ টাকা অনুদান প্রদান করা হয়েছে। এই অনুদান বিদ্যালয়ের কক্ষ মেরামত, সিলিং মেরামত কাজ এবং বিদ্যুৎ সংযোগ উন্নয়নে ব্যয় করা হয়।



ডুংরিয়া নোয়াগাঁও ০১ বিদ্যালয়ে মোট ৪২ হাজার টাকার অনুদান।

জুলাই-সেপ্টেম্বর ২০২৫ কোয়ার্টারে বিজ পরিচালিত নোয়াগাঁও ০২ বিদ্যালয়কে জয়কলস ইউনিয়নের উজানীগাঁও গ্রামের ব্যারিস্টার আনোয়ার হোসেন ২৫,০০০ টাকা অনুদান প্রদান করেন। উক্ত অর্থ দিয়ে বিদ্যালয়ের ১ম ও ৫ম শ্রেণির রুমের সিলিং নির্মাণ কাজ সম্পন্ন করা হয়।

ডুংরিয়া নোয়াগাঁও ০১ বিদ্যালয়ে মোট ৪২ হাজার টাকার অনুদান।

ডুংরিয়া নোয়াগাঁও ১ বিদ্যালয়ের বিভিন্ন উন্নয়ন কাজে স্থানীয় ব্যক্তি ও সংগঠনগুলো থেকে নিম্নোক্ত অনুদান পাওয়া যায়ঃ-

ক্রঃনং	তহবিলকৃত ব্যক্তি ও সংগঠনগুলো	পরিমাণ
১	ডুংরিয়া গ্রামের জনগন	৩০,০০০ টাকা
২	আনোয়ার মিয়া	৫,০০০ টাকা
৩	আব্দুর রহমান	১,০০০ টাকা
৪	আল-ইত্তেফাক সমাজকল্যাণ সংস্থা	৫,০০০ টাকা
৫	সাজনা বেগম	৫০০ টাকা
৬	আবুল কালাম	৫০০ টাকা
মোট অনুদান		৪২,০০০ টাকা

এই অর্থ দিয়ে বিদ্যালয়ের প্রয়োজনীয় বিদ্যুৎ সংযোগের কাজ সম্পন্ন করা হয় এবং প্রতিটি রুমে সিলিং ফ্যান স্থাপন করা হয়। স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও সমাজের সচেতন জনগণের সক্রিয় অংশগ্রহণে বিজ পরিচালিত উক্ত বিদ্যালয়গুলোর শিক্ষার পরিবেশ উন্নয়ন আরও বেগবান হয়েছে বলে বিদ্যালয় কর্তৃপক্ষ জানান।



সামাজিক সুরক্ষা কর্মসূচির আওতায় নবাবগঞ্জের বান্দুরায় পুনর্বাসন কার্যক্রম

সমাজের অবহেলিত, দারিদ্র্যের করাল গ্রাসে নিষ্পেষিত মানুষের জীবনে দিন বদলের স্বপ্ন দেখা যেন অনেক সময় বিলাসিতা হয়ে দাঁড়ায়। এমনই এক অসহায়, ভিটেমাটি-বিহীন, সমাজে ছন্নছাড়া অবস্থায় বসবাসকারী নারীর নাম বাসনা বেগম। জন্ম থেকেই তিনি দারিদ্র্যের যাঁতাকলে পিষ্ট—অভাব যেন তার আজন্ম সঙ্গী।

পরিবারে দুই ছেলে ও এক মেয়ে। বিয়ের পর বড় দুই ছেলে বাবা-মাকে ফেলে আলাদা হয়ে যায়। মেয়েকে পাশের গ্রামের একটি পরিবারে বিয়ে দেন। কিছুদিন পর মেয়ের এক সন্তান জন্ম নিলে স্বামী তাকে তালাক দেয়। নিরুপায় হয়ে মেয়ে ও নাতি এসে আশ্রয় নেয় অসহায় মা-বাবার ঘরে।

এদিকে, বাসনা বেগমের পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি স্বামী ঈমান আলীর কিছুদিন আগে স্ট্রোকে আক্রান্ত হয়ে এক পাশ অবশ হয়ে যায়। সংসারের হাল ধরার মতো আর কেউ রইলো না। ফলে বাসনা বেগম বাধ্য হয়ে মানুষের দ্বারে দ্বারে সাহায্যের হাত বাড়াতে থাকেন। মাঝে মাঝে অন্যের বাড়িতে ঝিয়ের কাজ করে যা পান, তা দিয়েই কোনো মতে চার জনের সংসার এক বেলা খেয়ে, এক বেলা না খেয়ে টেনে নিয়ে যান। অসুস্থ স্বামীর চিকিৎসা করানো দূরের কথা, দু'মুঠো খাবার জোগাড় করাই ছিল তাদের জন্য কঠিন সংগ্রাম। এমন চরম অসহায় অবস্থায় পাশে দাঁড়ায় বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)-এর বান্দুরা, নবাবগঞ্জ অফিসের সামাজিক সুরক্ষা কর্মসূচি। মানবিক বিবেচনায় বিজ তাদের নিজস্ব অর্থায়নে বাসনা বেগমের পরিবারকে পুনর্বাসনের উদ্যোগ গ্রহণ করে।



বাসনা বেগমকে স্বাবলম্বী করে গড়ে তোলার জন্য বিজ নিম্নলিখিত সহায়তা প্রদান করে—

- ৪টি ছাগল
- ১০টি মুরগি
- ১টি সেলাই মেশিন
- ব্যবসার নগদ ১৯,০০০ টাকা

মোট সহায়তার পরিমাণ: ৫৯,৭০০ টাকা



সহায়তা পাওয়ার পর শুরু হয় বাসনা বেগমের জীবনের মোড় ঘোরানো যাত্রা। তিনি এখন নিজের ঘরে ছাগল ও মুরগি লালন পালন করেন। পাশাপাশি বাড়ি বাড়ি ঘুরে কাপড় বিক্রি করেন। এছাড়া তার মেয়ে সেলাই মেশিন চালিয়ে প্রতিদিন ৩০০-৪০০ টাকা আয় করছেন। এখন তাদের সংসারে সুখের আলো জ্বলতে শুরু করেছে। তারা তিন বেলা খাবার খেতে পারছেন। অর্থনৈতিক স্থিতিশীলতা ফিরেছে এবং ভবিষ্যৎ নিয়ে নতুন স্বপ্ন দেখা শুরু করেছেন। দু'-এক বছর পর বাসনা বেগম ছাগল বিক্রি করে গরু কেনারও স্বপ্ন দেখছেন। অন্যদিকে, দীর্ঘদিন অসুস্থ স্বামী ঈমান আলীর মুখেও এখন হাসি ফিরে এসেছে। বিজের এমন জনকল্যাণমূলক কার্যক্রম এলাকায় সুধীজন, সুশীল সমাজ, স্থানীয় জনপ্রতিনিধি ও রাজনৈতিক ব্যক্তিদের মধ্যে ব্যাপক প্রশংসা কুড়িয়েছে।

টুঙ্গিপাড়ায় শিক্ষা সম্পাদকদের একদিনের ওরিয়েন্টেশন

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)-এর শিক্ষা কর্মসূচির আওতায় প্রাক-প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে গোপালগঞ্জের টুঙ্গিপাড়া শাখা অফিসে এক দিনের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে। গত ৩০ মে ২০২৫, শনিবার টুঙ্গিপাড়া শাখা অফিসে আয়োজিত এ কর্মশালায় গোপালগঞ্জ সদর ও টুঙ্গিপাড়া শাখা অফিসের অধীনস্থ মোট ১৫টি সমিতির ১৫ জন শিক্ষা সম্পাদক অংশগ্রহণ করেন।

ওরিয়েন্টেশন কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব পরিমল চন্দ্র বাল্য, উপজেলা শিক্ষা অফিসার গোপালগঞ্জ সদর, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অত্র জোন অফিসের সাব জোনাল মোঃ মোস্তফা কামাল। এ সময় আরো উপস্থিত ছিলেন কৈশোর কর্মসূচির প্রোগ্রাম ম্যানেজার জনাব মোঃ মামুনুর রশিদ এবং টুঙ্গিপাড়া শাখা ব্যবস্থাপক জনাব মোঃ শফিকুল ইসলাম। অনুষ্ঠানটির সভাপতিত্ব করেন জনাব মোঃ তোফাজ্জেল হোসেন, জোনাল ম্যানেজার, গোপালগঞ্জ জোন, বিজ।

বিজ শিক্ষা কর্মসূচির গুরুত্বপূর্ণ অংশ হিসেবে এই ওরিয়েন্টেশনে প্রাক-প্রাথমিক শিক্ষার কার্যক্রম বাস্তবায়ন, রিপোর্টিং, শিক্ষাবিষয়ক দায়িত্ব ও মাঠপর্যায়ের কার্যক্রম আরও শক্তিশালী করার বিষয়ে আলোচনা হয়। অংশগ্রহণকারীরা তাদের দায়িত্ব পালনে নতুন দিকনির্দেশনা পেয়ে সন্তোষ প্রকাশ করেন।



জামসায় বিজ স্বাস্থ্য কর্মসূচি নিয়ে আলোচনা সভা



বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) স্বাস্থ্য কর্মসূচির আওতায় ঢাকা জেলার নবাবগঞ্জ উপজেলার বাংলাবাজার শাখার উদ্যোগে জামসা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে একটি গুরুত্বপূর্ণ আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সিঙ্গাইর উপজেলা, মানিকগঞ্জের এ কেন্দ্র পরিদর্শন করেন বিজ স্বাস্থ্য কর্মসূচির ম্যানেজার জনাব মোঃ আদম আলী।

তিনি উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার জনাব সুপ্রিয়া রায়-এর সাথে বিজ স্বাস্থ্য কর্মসূচির কার্যক্রম, রেফারেল সহযোগিতা এবং এলাকার জনগণের জন্য গুণগত স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণ বিষয়ে মতবিনিময় করেন। পরিদর্শনকালে আরও উপস্থিত ছিলেন জনাব মোঃ ফেরদৌস আলী, ম্যানেজার (স্বাস্থ্য), বান্দুরা শাখা, বিজ এবং জনাব কামরুন্নাহার, কমিউনিটি স্বাস্থ্য কর্মকর্তা, বান্দুরা শাখা।

উক্ত আলোচনায় উপস্থিত সকলে মনে করেন সরকারি স্বাস্থ্যসেবা এবং বিজ এর স্বাস্থ্যকর্মীদের সমন্বয়ের মাধ্যমে স্থানীয় জনগণ আরও উন্নত ও সহজলভ্য সেবা পাবে।



শারদীয় দুর্গা পূজা উপলক্ষে খাদ্যসামগ্রী বিতরণ

শারদীয় দুর্গা পূজা উপলক্ষে বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)-এর সামাজিক সুরক্ষা কর্মসূচির আওতায় বগুড়া জোনের ধুনট শাখায় সনাতন ধর্মাবলম্বী ১২০ পরিবারে মধ্যে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়েছে।

গত ৩০ সেপ্টেম্বর ধুনট শাখা অফিস প্রাঙ্গনে এ অনুষ্ঠানের আয়োজন সম্পন্ন হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব ক্রিস্টোফার হিমেল রিছিল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সমাজসেবা কর্মকর্তা জনাব মোঃ আব্দুল্লাহ আল কাফী, বিজ-এর সিনিয়র সহকারী পরিচালক জনাব মোঃ মতিউর রহমান এবং ধুনট উপজেলার বিশিষ্ট ব্যক্তিত্ব জনাব মোঃ আলীমুদ্দীন হারুন মন্ডল।



এছাড়া উপজেলা প্রেসক্লাবের সভাপতি, উপজেলা পূজা উদ্‌যাপন কমিটির সভাপতি এবং বিজ-এর বিভিন্ন কর্মসূচির কর্মকর্তারা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনা করেন জনাব আনোয়ার জাহিদ, ম্যানজোর, শিক্ষা ও সামাজিক সুরক্ষা কর্মসূচি। সভাপতিত্ব করেন ধুনট শাখার শাখা ব্যবস্থাপক জনাব মোঃ সোহেল রানা।

বক্তারা বলেন, ধর্মীয় উৎসবকে সামনে রেখে সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর মাঝে খাদ্যসামগ্রী বিতরণ বিজ-এর মানবিক ও অন্তর্ভুক্তিমূলক সামাজিক কর্মকাণ্ডকে আরও শক্তিশালী করে। বিজ এর এই মানবিক সহায়তা কার্যক্রম চলমান রাখার আহ্বান জানান উপস্থিত অতিথিগণ।

বিজ-এর ৩৩তম বার্ষিক সাধারণ সভা



বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)-এর ৩৩তম এনুয়াল জেনারেল মিটিং (AGM) গত ৩০ আগস্ট ২০২৫ তারিখে বিজ-এর প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে।

এ গুরুত্বপূর্ণ সভায় বিজ-এর কার্যনির্বাহী পরিষদের সম্মানিত সদস্যগণ দেশ ও বিদেশ থেকে সরাসরি এবং ভার্চুয়াল প্ল্যাটফর্মের মাধ্যমে অংশগ্রহণ করেন। সভায় সংস্থার সার্বিক কার্যক্রম, অর্জন, আর্থিক প্রতিবেদন, ভবিষ্যৎ পরিকল্পনা এবং নীতিনির্ধারণী বিভিন্ন বিষয় নিয়ে গঠনমূলক আলোচনা করা হয়।

এজিএম-এ বিগত অর্থবছরের কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনার পাশাপাশি আগামী দিনের কৌশলগত দিকনির্দেশনা ও সাংগঠনিক উন্নয়ন বিষয়ক সিদ্ধান্ত গ্রহণ করা হয়। কার্যনির্বাহী পরিষদের সদস্যগণ বিজ-এর চলমান উন্নয়ন কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন এবং সংস্থার ভবিষ্যৎ কার্যক্রমকে আরও কার্যকর ও টেকসই করার বিষয়ে গুরুত্বপূর্ণ পরামর্শ প্রদান করেন।

সভা শেষে সকলে আশাবাদ ব্যক্ত করেন যে, সম্মিলিত উদ্যোগ, সুশাসন এবং অংশগ্রহণমূলক সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে বিজ তার উন্নয়ন লক্ষ্য অর্জনে আরও দৃঢ়ভাবে এগিয়ে যাবে।



শান্তিগঞ্জে বিজ এর মেধাভিত্তিক বৃত্তি পেল ৮ শিক্ষার্থী

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) পরিচালিত শান্তিগঞ্জ উপজেলার ৮টি বিদ্যালয়ের চতুর্থ শ্রেণি থেকে পঞ্চম শ্রেণিতে উত্তীর্ণ মোট ৮ জন শিক্ষার্থীকে মেধাভিত্তিক প্রাথমিক বৃত্তি প্রদান করা হয়েছে।

বৃত্তিপ্রাপ্ত সকল শিক্ষার্থীর রোল নম্বর ছিল ০১, এবং বৃত্তি প্রদান করা হয়েছে জুলাই-সেপ্টেম্বর ২০২৫ মেয়াদের জন্য।



বিজ কর্তৃপক্ষ জানায়, মেধাবী শিক্ষার্থীদের উৎসাহিত করা ও পড়ালেখায় আরও মনোযোগী করে গড়ে তোলার উদ্দেশ্যে এই বৃত্তি প্রদান করা হয়। স্থানীয় অভিভাবক ও শিক্ষকরা এ উদ্যোগের জন্য বিজকে ধন্যবাদ জানান।



বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)-এর বিজনেস প্লান ও বাজেট ২০২৪-২০২৫ অর্থবছরের লক্ষ্যমাত্রা ও অর্জন পর্যালোচনা এবং বিজনেস প্লান ও বাজেট ২০২৫-২০২৬ অর্থবছরের পরিকল্পনা পর্যালোচনা সভা গত ১১-১২ জুলাই ২০২৫ তারিখে বিজ-এর প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে।

দুই দিনব্যাপী এ পর্যালোচনা সভায় বিজ-এর বিভিন্ন কর্মসূচির অগ্রগতি, অর্জিত সাফল্য, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ করণীয় বিষয়সমূহ বিস্তারিতভাবে আলোচনা করা হয়। একইসাথে আসন্ন অর্থবছরের জন্য নির্ধারিত লক্ষ্য, কৌশল ও বাজেট বাস্তবায়নের দিকনির্দেশনা প্রদান করা হয়।



বিজ-এর বিজনেস প্ল্যান ও বাজেট পর্যালোচনা সভা অনুষ্ঠিত

সভায় বিজ-এর উর্ধ্বতন কর্মকর্তাগণ, টিম লিডারগণ, জোনাল ম্যানেজারগণ এবং স্ব স্ব ডিপার্টমেন্টের প্রধানগণ উপস্থিত ছিলেন। অংশগ্রহণকারীরা নিজ নিজ কর্মক্ষেত্রের বাস্তব অভিজ্ঞতা ও সুপারিশ উপস্থাপন করেন, যা ভবিষ্যৎ পরিকল্পনা প্রণয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা প্রকাশ করা হয়।

সভা শেষে বিজ-এর কর্মকর্তাগণ আশাবাদ ব্যক্ত করেন যে, সমন্বিত পরিকল্পনা ও কার্যকর বাস্তবায়নের মাধ্যমে বিজ তার উন্নয়ন কার্যক্রম আরও গতিশীল করতে সক্ষম হবে এবং দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে আরও ইতিবাচক অবদান রাখবে।



অভিভাবকদের সচেতন করতে অনিয়মিত শিক্ষার্থীদের বাড়ি পরিদর্শন

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)-এর প্রাথমিক শিক্ষা কর্মসূচির আওতায়, বিদ্যালয়ে অনিয়মিত ও লেখাপড়ায় দুর্বল শিক্ষার্থীদের খোঁজ নিতে বিজ এর সহকারী শিক্ষকরা সংশ্লিষ্ট এলাকার অভিভাবকদের সঙ্গে বাড়ি বাড়ি গিয়ে মতবিনিময় করেছেন। প্রতিটি বিদ্যালয় থেকে শিক্ষকগণ ন্যূনতম দুটি বাড়ি পরিদর্শনের লক্ষ্য নিয়ে এই কার্যক্রম পরিচালনা করে।

এ উদ্যোগের অংশ হিসেবে সহকারী শিক্ষক সেবা রানী দাস গত ১৫ আগস্ট ২০২৫ শিবপুর গ্রামে বাড়ি পরিদর্শন করেন। অন্যদিকে সহকারী শিক্ষক সম্পা রানী দাস ২০ আগস্ট ২০২৫ ডুংরিয়া গ্রামে বাড়ি পরিদর্শন করেন।

শিক্ষকরা জানিয়েছেন, অনিয়মিত শিশুদের বিদ্যালয়ে ফেরাতে অভিভাবকদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই তারা পরিবারগুলোর সঙ্গে বসে শিশুদের শিক্ষার গুরুত্ব সম্পর্কে সচেতনতা বাড়াতে আলোচনা করেন।

বিজ শিক্ষা কর্মসূচির সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আশা করছে, এই বাড়ি পরিদর্শন কার্যক্রমের ফলে শিক্ষার্থীরা নিয়মিত ভাবে বিদ্যালয়ে উপস্থিত থাকবে এবং তাদের শেখার আগ্রহ বাড়বে এবং মানও উন্নত হবে।



টুঙ্গিপাড়ায় উপজেলা শিক্ষা কর্মকর্তা কতৃক শিক্ষা কেন্দ্র পরিদর্শন

গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)-এর প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রমের অগ্রগতি দেখতে দুটি শিক্ষা কেন্দ্র পরিদর্শন করেছেন উপজেলা সহকারী শিক্ষা অফিসার জনাব মোঃ মনিরুজ্জামান।

বুধবার অনুষ্ঠিত এ পরিদর্শনকালে তিনি শিক্ষা কেন্দ্রগুলোর পাঠদান কার্যক্রম, উপস্থিতি, শিক্ষা উপকরণের ব্যবহার এবং কেন্দ্রের সার্বিক পরিবেশ পর্যবেক্ষণ করেন। এ সময় তিনি বিজ এর শিক্ষা কার্যক্রমের মানোন্নয়নে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন।

পরিদর্শনের মাধ্যমে কেন্দ্রগুলোর কার্যক্রম আরও গতিশীল হবে বলে বিজ শিক্ষা কর্মসূচির সংশ্লিষ্টরা আশা প্রকাশ করেন।

বিজ প্রশিক্ষণ বিভাগের উল্লেখযোগ্য সাফল্য



২০২৫-২৬ অর্থবছরের প্রথম প্রান্তিক (জুলাই-সেপ্টেম্বর) শেষে বিজ প্রশিক্ষণ বিভাগ উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। বিভাগের বার্ষিক লক্ষ্যমাত্রা যেখানে ধরা হয়েছে ৫০০০ জন, সেখানে তিন মাসেই বিভিন্ন কোর্সের মাধ্যমে মোট ৩,২০১ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে, যা মোট লক্ষ্যের প্রায় ৬৭ শতাংশ।

জুলাই মাসে লক্ষ্য ছিল ৩২২ জনকে প্রশিক্ষণ দেয়ার, কিন্তু বাস্তবে প্রশিক্ষণ গ্রহণ করেছেন ৮৭৫ জন। অর্থাৎ মাসিক লক্ষ্যমাত্রার ২৭২ শতাংশ অর্জিত হয়েছে এবং তখন পর্যন্ত বার্ষিক লক্ষ্যের ১৮ শতাংশ পূরণ হয়।

আগস্ট মাসে ৩৪৭ জনের বিপরীতে প্রশিক্ষণ নিয়েছেন ১০৭৩ জন, যা মাসিক লক্ষ্যের ৩১০ শতাংশ। এ সময় পর্যন্ত সম্মিলিত অর্জন দাঁড়ায় ২০১৪ জন; অর্থাৎ বার্ষিক লক্ষ্যের প্রায় ৪১ শতাংশ পূর্ণ হয়।

সেপ্টেম্বর মাসে প্রশিক্ষণের গতি আরও বেড়ে যায়। মাসের লক্ষ্যমাত্রা ছিল ৯৬২ জন, আর অর্জন হয়েছে ১,২৯০ জন (১৩৪ শতাংশ)।

এছাড়াও এফও-১, এফও-২, এও, এবিএম, জেবিএম, বিএম সহ জুম এর মাধ্যমে ফিল্ড ট্রেনিং এবং সাব-জোন ট্রেনিং সহ বিজ বহির্ভূত প্রশিক্ষণ ক্যাটাগরিতে বিগত তিন মাস মিলিয়ে সর্বমোট প্রশিক্ষণপ্রাপ্তের সংখ্যা দাঁড়িয়েছে ৩,৩০৪ জনে।

ক্রঃনং	মাস	লক্ষ্যমাত্রা	অর্জন	শতাংশ
১	জুলাই	৩২২ জন	৮৭৫ জন	২৭২%
২	আগস্ট	৩৪৭ জন	১০৭৩ জন	৩১০%
৩	সেপ্টেম্বর	৯৬২ জন	১,২৯০ জন	১৩৪%
সর্বমোট প্রশিক্ষণপ্রাপ্তের সংখ্যা		১৬৩১ জন	৩২০৮ জন	৭১৬

সামগ্রিকভাবে দেখা যাচ্ছে, প্রথম প্রান্তিকেই লক্ষ্যমাত্রার প্রায় দুই-তৃতীয়াংশ অর্জন করায় চলতি অর্থবছরে বিজ প্রশিক্ষণ বিভাগ নির্ধারিত প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়নে সুস্পষ্ট অগ্রগতি অর্জন করেছে।



এনজিও সমন্বয় সভায় বিজ-এর কার্যক্রম উপস্থাপন

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) নিয়মিতভাবে জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত মাসিক এনজিও সমন্বয় সভায় অংশগ্রহণ করছে। প্রতি মাসে সভায় বিজ-এর চলমান কার্যক্রমের প্রতিবেদন উপস্থাপন করা হয় এবং পরবর্তী মাসের কাজের পরিকল্পনা জমা দেয়া হয়।

আগস্ট ২০২৫ মাসের সুনামগঞ্জ সদর উপজেলা এনজিও সমন্বয় সভায় বিজ-এর প্রতিনিধিরা প্রাথমিক শিক্ষা কার্যক্রমসহ বিভিন্ন অগ্রগতি তুলে ধরেন। এসময় বিজ এর পক্ষ থেকে উপস্থিত ছিলেন জনাব নিলু কান্ত পাল, প্রোগ্রাম অফিসার (শিক্ষা ও সামাজিক সুরক্ষা), বিজ, সুনামগঞ্জ।

সভায় শান্তিগঞ্জ উপজেলায় বিজ-এর প্রাথমিক শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তা বিজ কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেন। পাশাপাশি এ কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার আহ্বান জানান। উপজেলা নির্বাহী কর্মকর্তা উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে বিদ্যালয়গুলো পরিদর্শনের নির্দেশ প্রদান করেন, যাতে প্রোগ্রামের গুণগত মান আরও বৃদ্ধি পায়।

বিজ কর্তৃপক্ষ জানান, নিয়মিত সমন্বয় সভায় অংশগ্রহণের মাধ্যমে শিক্ষা কার্যক্রমের উন্নয়ন, মনিটরিং এবং সরকারি দপ্তরের সঙ্গে সমন্বয় আরও শক্তিশালী হয়েছে।

স্ট্যাটিক ক্লিনিকে সভানেত্রীদের KYC তথ্য সংগ্রহ



বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) স্বাস্থ্য কর্মসূচির আওতায় গোপালগঞ্জ ও সুনামগঞ্জ জেলার দুইটি সমিতি অফিসে স্ট্যাটিক ক্লিনিক পরিচালনার সময় সভানেত্রীদের KYC তথ্য সংগ্রহ করা হয়েছে।

গোপালগঞ্জ জেলার গোপালগঞ্জ সদর শাখার চাপাইল মহিলা সমিতি অফিসে অনুষ্ঠিত ৩০ সেপ্টেম্বর ২০২৫ তারিখের স্ট্যাটিক ক্লিনিকে সভানেত্রী নারগীস বেগমের KYC তথ্য সংগ্রহ করেন কমিউনিটি হেলথ অফিসার সোহানা শারমীন সাথি।

অন্যদিকে, সুনামগঞ্জ জেলার সুনামগঞ্জ সদর শাখার লালপুর মহিলা সমিতি অফিসে ১৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখের স্ট্যাটিক ক্লিনিকে সভানেত্রী পারভীন বেগমের KYC তথ্য সংগ্রহ করেন কমিউনিটি হেলথ অফিসার পপি রানী রায়।

বিজ স্বাস্থ্য কর্মসূচির কর্মকর্তারা জানান, সদস্যদের তথ্য হালনাগাদ করার মাধ্যমে স্বাস্থ্যসেবা, রেফারেল নির্দেশনা এবং প্রয়োজনীয় ফলো-আপ আরও দ্রুত ও কার্যকরভাবে প্রদান করা সম্ভব হচ্ছে।





মাঠচিত্রের পরবর্তী সংখ্যার জন্য লেখা আহ্বান

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর সকল কর্মকর্তার কাছ থেকে তথ্যসমৃদ্ধ সাম্প্রতিক খবরাদি, প্রাসঙ্গিক ছবি, কৃষি, স্বাস্থ্য, শিক্ষা, ঋণের সহায়তা, সাফল্যগাঁথা এবং উন্নয়ন ভাবনা বিষয়ক লেখা আহ্বান করা যাচ্ছে। আপনাদের লেখার মধ্য দিয়েই বিজ এর সফল কর্মকান্ড আমরা পাঠকদের কাছে উপস্থাপন করতে পারবো। এছাড়া সকল বিভাগীয় প্রধানদের সংশ্লিষ্ট বিভাগের সংবাদ ছবিসহ নিম্নোক্ত ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

ইমেইলঃ researchdocumentation@beesbd.org

ফোনঃ +৮৮০২ ২২২২৬২৬৫৩, ২২২২৮৯৭৩২, ২২২২৮৯৭৩৩



বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)

বাড়ি # ৮/বি, রোড#২৯, গুলশান-১, ঢাকা, বাংলাদেশ.

টেলিফোন: +8802-22289732-3, +8802-226601535-9

ই-মেইল: info@beesbd.org, beesbd@gmail.com, ওয়েবসাইট: beesbd.org